This question paper consists of **30** questions and **8** printed pages]

**Roll No.** ☐☐☐☐☐☐☐☐☐☐☐ **Code No. 40/S/A/B**

# BENGALI

# বাংলা

# (203)

Day and Date of Examination ....................................................................

Signature of Invigilators 1 ....................................................................

2 ....................................................................

..................................................................................................................

সাধারণ নির্দেশিকা f

1. পরীক্ষার্থী প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁর নাম ও রোল নাম্বার লিখিবেন।
2. প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলি পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য **A, B, C** এবং **D** এর যেকোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়েরই মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. 40/S/A/B লিখুন।

# BENGALI
## বাংলা
## (203)

**সময় ঃ 3 ঘন্টা** **পূর্ণমান f 100**

নির্দেশঃ 1 - 20 প্রশ্নগুলি বহুমুখী (multiple choice) প্রতিটি প্রশ্নের সঙ্গে 4টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, যে উত্তরটি ঠিক মনে করবেন সেটি খাতায় লিখুন; উত্তরে কাটাকাটি থাকলে নম্বর কাটা যাবে। অন্যান্য প্রশ্ন আবশ্যিক। প্রতিটি প্রশ্নে পাথো নম্ব দেওয়া আছে।

1. লালু গল্পে মনোহর চাটুজ্জ্যের বাড়িতে পুজো হয় 1

(A) মা দুর্গার (B) জগদ্ধাত্রীর

(C) মা কালীর (D) সত্যনারায়ণের

2. শুধু ভাঙা নয় কবিতায় কবি ঘরে আনতে চেয়েছেন 1

(A) পুরোনো রেকর্ড (B) আস্ত একটি জীবন

(C) বইয়ের আলমারি (D) টেব্‌ল ফ্যান

3. মাদাম কুরি প্রবন্ধ অনুয়ায়ী ভারতীয় বিজ্ঞানীদের প্রতি জোলিও ও আইরিন কুরির ছিল 1

(A) ঔদাসীন্য (B) কৌতূহল

(C) কড়া মনোভাব (D) আকৃত্রিম সহানুভূতি

4. ধ্বংস গল্পে পিয়ের শোপ্যাঁর জীবনের খুব বড় শখ 1

(A) তাঁর ফুলবাগান (B) তাঁর বাড়ির বইপত্তর

(C) তাঁর মেয়ে (D) তাঁর পিয়ানো

5. কান্ডারী হুঁশিয়ার কবিতা অনুযায়ী ভারতের দিবাকর ডুবেছে 1

(A) আরব সাগরে (B) গঙ্গায়

(C) বঙ্গোপসাগরে (D) দামোদর নদে

6. জলসত্র গল্প অনুযায়ী জলসত্র প্রতিষ্ঠিত হয়েছে 1

(A) দশ বারো বছর আগে (B) চার-পাঁচ বছর আগে

(C) সাত-আট বছর আগে (D) প্রায় পনেরো-ষোল কি বিশ বছর আগে

7. 'বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতানুসারে অমরায় গিয়ে বেহুলা নেচেছিল 1

(A) তিরবিদ্ধ হরিণীর মতো (B) উর্বশীর মতো

(C) ভিন্ন খঞ্জনার মতো (D) কালবৈশাখী ঝড়ের মতো

8. জন্মভূমি আজ কবিতায় কবি মানুষের হাত ধরতে বলেছেন, কারণ 1

(A) সে পড়ে যাচ্ছে (B) সে কিছু বলতে চায়

(C) সে অত্যন্ত ক্লান্ত (D) সে চোখে ভালো দেখে না

9. চোট্টি মুন্ডা ও তার তীর গল্পে অনুযায়ী চোট্টি জায়গাটি আদিবাসীতে ভরে যায় 1

(A) দোলের দিন (B) কালীপুজোর রাতে

(C) শিবের গাজনে (D) বিজয়া দশমীর দিন

10. ওরা কাজ করে কবিতা অনুযায়ী বিপুল জনতা চলে 1

(A) শ্লোগান দিতে দিতে (B) নিঃশব্দে

(C) কলকল রবে (D) গান গাইতে গাইতে

11. রেকর্ড গল্পে লেখক রেকর্ড কিনেছেন যার কাছ থেকে সে 1

(A) অন্ধ্রপ্রদেশের ক্রিশ্চান (B) বিহারী মুসলমান

(C) উত্তরপ্রদেশের হিন্দু (D) কেরালার ক্রিশ্চান

12. মিলনের কথা প্রবন্ধে লেখক 'হাতে খড়ি'র পুরোনো সংখ্যাগুলিতে লেখক আলোচনা লক্ষ করেছেন 1

(A) দেশসেবার কথার (B) ভ্রমণকাহিনির

(C) বৈজ্ঞানিক আবিষ্কারের (D) শিক্ষা জগতের সমস্যার

13. ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধ অনুযায়ী জাতি বর্ণের বেড়া ভেঙে দেয় 1

(A) হরিজন আন্দোলন (B) বিশ্বযুদ্ধের বিপদ

(C) ভক্তির তরঙ্গ (D) শিক্ষার প্রসার

14. দাঁড়াও কবিতা অনুযায়ী ফাঁদ পাতছে 1

(A) একজন ব্যাধ (B) গোয়েন্দা

(C) একজন অপহরণকারী (D) মানুষই

15. 'ছাড়পত্র' কবিতায় কবি প্রাণপণে সরাতে চেয়েছেন 1

(A) ঝড়ে পড়া গাছের ডাল (B) পৃথিবীর জঞ্জাল

(C) পুরোনো জিনিষ্েপত্র (D) রাস্তায় পড়ে-থাকা মস্ত পাথর

16. মঞ্জীল শব্দের অর্থ 1

(A) দেবগৃহ (B) রাজপ্রসাদ

(C) ঘর, প্রাসাদ (D) সভাগৃহ

17. এলিৎ শব্দটি 1

(A) আরবি (B) ফরাসি

(C) ইংরেজি (D) জাপানি

18. টার্গেট শব্দটি 1

(A) পোর্তুগিজ (B) জার্মান

(C) ডাচ (D) ইংরেজি

19. অবাক জলপান নাটিকা অনুযায়ী প্রথম বৃদ্ধের দাদা কাজ করে 1

(A) লিলুয়ায় (B) চাঁপাভাঙায়

(C) খালিপুরে (D) দানাপুরে

20. ছোঁওয়া ছুঁয়ি মন্ত্রতন্ত্র নাট্যাংশ অনুযায়ী পঞ্চকদের গুরুর মধ্যে 1

(A) শুধুই নতুন আছে (B) কেবলমাত্র পুরোনো আছে

(C) জ্ঞাণের ভান্ডার আছে (D) নতুনও আছে, পুরোনোও আছে

[21ক - 21 চ প্রশ্নগুলির উত্তর দু-একটি পূর্ণ বাক্যে - 14-15 টি শব্দে দিতে হবে।]

21. (ক) চোট্টি মুণ্ডা এবং তার তীর গলেপ পূর্তি মুণ্ডা যেখানে যেত সেখানে কী হত ? 1

(খ) রেকর্ড গল্পে লেখক চোরাবাজারে কেন গিয়েছিলেন ? 1

(গ) জলসত্র গল্পে ছমিরুদ্দি তার উকিল সম্বন্ধে যে মন্তব্য করেছিল তার ফল কী হতে পারত যদি উকিল তা শুণতেন ? 1

(ঘ) বঙ্গভূমির প্রতি কবিতা অনুযায়ী নরকুলে ধন্য কে ? 1

(ঙ) বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতায় বেহুলা যখন নেচেছিল তার পায়ে তখন কী কেঁদেছিল ? 1

(চ) ছাড়পত্র কবিতায় কবি পরিচয়-পত্র কোথায় পড়েছেন ? 1

[22 ক - 22 চ প্রশ্নগুলির উত্তর দু-তিনটি পূর্ণ বাক্যে - 14-15 টি শব্দে দিতে হবে।]

22. (ক) ধ্বংস গল্পে পিয়ের ও তাঁর মেয়ে ক্যামিলের ছোট্ট ঘরটি কেমন ছিল ? 2

(খ) মাদাম কুরি প্রবন্ধ অনুযায়ী দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষভাগে জাপানে কী হয়েছিল ? 2

(গ) মিলনের কথা প্রবন্ধে মানুষের একমাত্র অবলম্বন সম্পর্কে লেখক কী বলেছেন ? 2

(ঘ) জন্মভূমি আজ কবিতা অনুযায়ী মাথার ওপর কী আছে ? 2

(ঙ) ওরা কাজ করে কবিতানুসারে ওরা কোথায় কোথায় কাজ করে ? 2

(চ) শুধু ভাঙা নয় কবিতায় কাদের ভালো কবিরাজ দেখানোর কথা বলা হয়েছে ? 2

[23 ক ও 23 খ প্রশ্নদুটি ব্যাখ্যামূলক, 40-45 টি শব্দে উত্তর দিতে হবে।]

23. (ক) কান্ডারী হুঁশিয়ার কবিতায় কবি কেন বলেছেন 'কান্ডারী! আজি দেখিব তোমার মাতৃমুক্তি পান।' - তা ব্যাখ্যা করুন। 3

(খ) জলসত্র গল্পে তৃষ্ণাতুর মাধব শিরোমণি মশায়ের পিপাসা এক মুহূর্তে কর্পূরের মতো উবে গেল কেন তা বুঝিয়ে লিখুন। 3

24. 'এই রেকর্ডকে কেউ ভেঙে নিশ্চিহ্ন করতে পারেনি। কেউ পারবে না।' রেকর্ড গল্পে এই উক্তিটি কার ? এই উক্তির সাহায্যে বক্তার চরিত্রের পরিচয় দিন। (অনধিক 120 টি শব্দে)

1 + 7 = 8

**অথবা**

চোট্টি মুণ্ডা এবং তার তীর গল্পে চোট্টি মেলার যে পরিচয় দেওয়া হয়েছে তা লিখুন। (অনধিক 120 টি শব্দে)

25. কান্ডারী হুঁশিয়ার কবিতার মূল বক্তব্যটি সর্বাধিক 120 টি শব্দে লিখুন। 8

**অথবা**

বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতায় যে ভাবটি ব্যক্ত হয়েছে সে সম্পর্কে আলোচনা করুন। (120 টি শব্দের মধ্যে)

26. ছোঁওয়া ছুঁয়ি মন্ত্রতন্ত্র নাট্যাংশে শোণপাংশুদের জীবনযাত্রার যে পরিচয় আছে তা লিখুন। 6

27. (ক) সন্ধি করুন (**যে কোন 4 টি**) 4

সম্ + মিলিত, জগৎ + জননী, গো + এষণা, স্বর্ণ + অক্ষরে, বিপদ্ + তারণ।

(খ) বিশেষ্য পরিণত করুন (**যে কোন 4 টি**) 4

ভারতীয়, বিজ্ঞানী, লতানে, বিদ্রোহী, ধূসর।

(গ) **4 টি** প্রবাদ - প্রবচনের সাহায্যে বাক্য রচনা করুন 4

আক্কেল সেলামি, তাসের ঘর, সুখের পায়রা, শাক দিয়ে মাছ ঢাকা, চিনির বলদ।

(ঘ) চলিত ভাষায় লিখুন 4

অন্ধকার গভীর নিশীথে সে মেয়ের হাত ধরিয়া বাহির হইল। এ গ্রামে আত্মীয় কেহ তাহার ছিল না, কাহাকেও কিছু বলিবার নাই। আঙ্গিনা পার হইয়া পথের ধারে সেই বাবলাতলায় আসিয়া সে থমকিয়া দাঁড়াইয়া সহসা হু হু করিয়া কাঁদিয়া উঠিল। নক্ষত্রখচিত কালো আকাশে মুখ তুলিয়া বলিল, আল্লা!

28. ভাবসম্প্রসারণ করুন 5

রাত্রে যদি সূর্যশোকে ঝরে অশ্রুধারা -
সূর্য নাহি ফেরে, শুধু ব্যর্থ হয় তারা।

**অথবা**

চালাকির দ্বারা মহৎ কার্য হয় না।

29. আপনার একখানি গল্পের বই পড়ে ভালো লেগেছে। এ সম্পর্কে বন্ধুকে চিঠি লিখুন। 5

**অথবা**

আপনার এলাকায় বিদ্যুতের সমস্যা দেখা দিয়েছে। উপযুক্ত কর্তৃপক্ষকে চিঠি লিখুন।

30. যেকোন একটি বিষয় অবলম্বনে অনধিক 120 টি শব্দে প্রবন্ধ লিখুন 8

(ক) জীবনে শৃঙ্খলা বোধের মূল্য

(শৃঙ্খলা বোধ কী - আমাদের জীবনযাত্রায় শৃঙ্খলা বোধ না থাকলে কী হয় - শৃঙ্খলাবোধ আমাদের কীভাবে সহায়তা করে - শৃঙ্খলা পরায়ণ কীভাবে হতে হয়।)

(খ) যুদ্ধ নয় শান্তি চাই

(মানুষ যুদ্ধই লিপ্ত হয় কেন - বিগত শতকের দুটি বিশ্বযুদ্ধ ও ধ্বংসলীলা - মানুষ শান্তি চায়, কিন্তু কিছু স্বার্থান্বেষী লোভ পরিতৃপ্ত করার জন্য যুদ্ধ চায় - প্রত্যেকের সমান অধিকার স্বীকার করে নিতে হবে, প্রত্যেকের জন্য নিরাপত্তা চাই - শান্তি চাই।)

(গ) স্বনির্ভরতা ও কুটিরশিল্প

(স্বনির্ভরতা কী - কুটির শিল্প কীভাবে স্বনির্ভরতার সহায়ক - স্বনির্ভরতার ফলে কী হয়।)

(ঘ) একটি গ্রাম্য মেলা দেখার অভিজ্ঞতা

(কোন গ্রাম্য মেলা - কখন হয় - মেলার বর্ণনা - মেলাটি কেমন লেগেছে।